

খুলনা উন্নয়ন কর্তৃপক্ষ  
খুলনা।

স্মারক নম্বর- ২৫.৪১.০০০০.০০৪.০১.০৫২.২০

তারিখ : জ্যৈষ্ঠ, ১৪২৭  
জুন, ২০২০

প্রাপক :

জনাব রাকিবুল হাসান

পিতা- মোঃ আবুল হোসেন

মাতা-রাকিয়া হোসেন

বাড়ী নম্বর-৬২৫, খুলনা বিশ্ববিদ্যালয় হল রোড,

ইসলাম নগর, গল্লামারি, খুলনা।

বিষয় : 'সহকারী টাউন প্র্যানার' পদে নিয়োগপত্র।

গৃহায়ন ও গণপূর্ত মন্ত্রণালয় কর্তৃক অনুমোদিত খুলনা উন্নয়ন কর্তৃপক্ষের কর্মকর্তা/ কর্মচারী নিয়োগের জন্য গঠিত বাছাই কমিটির ৫৬তম সভা ১৫/০৩/২০২০ তারিখ রোজ রবিবার ও ১৬/০৩/২০২০ তারিখ রোজ সোমবার এবং ১৭/০৩/২০২০ তারিখ মঙ্গলবার অনুষ্ঠিত হয়। উক্ত সভায় গৃহীত সুপারিশ মোতাবেক আপনাকে কর্তৃপক্ষের প্রদেয় অন্যান্য ভাতাদিসহ জাতীয় বেতনস্কেল ২০১৫ এর ২২০০০-৫৩০৬০ টাকার বেতনক্রম (শ্রেণি-৯) এ নিম্নলিখিত শর্তে কর্তৃপক্ষের 'সহকারী টাউন প্র্যানার' পদে নিয়োগ প্রদান করা হলো।

- আপনার চরিত্র ও ব্যক্তি পরিচয় পুলিশ কর্তৃক যথাযথভাবে প্রতিপালন করার জন্য যোগদানের ০৭(সাত) দিনের মধ্যে ০২(দুই) কপি নির্ধারিত ফরম প্রশাসন ও সাধারণ শাখা হতে সংগ্রহ করতঃ পূরণ পূর্বক শিক্ষাগত সনদপত্রের সত্যায়িত কপিসহ অত্র অফিসে অবশ্যই দাখিল করতে হবে।
- পুলিশ তদন্তে আপনার চরিত্র ও পূর্বকার ইতিবৃত্ত সন্তোষজনক হওয়া সাপেক্ষে চাকরিতে আপনার নিয়োগ চূড়ান্ত হবে।
- এ নিয়োগ সম্পূর্ণভাবে অস্থায়ী। স্থায়ী না হওয়া পর্যন্ত যে কোন সময়ে বিনা নোটিশে বা কোন কারণ দর্শানো ব্যতিরেকে এ নিয়োগ বাতিল করা যাবে।
- চাকরিতে যোগদানের তারিখ হতে আপনি খুলনা উন্নয়ন কর্তৃপক্ষের কর্মচারী চাকরি প্রবিধানমালা, ১৯৯০ এর ৬(১) নম্বর প্রবিধান মোতাবেক ০৬(ছয়) মাসের জন্য শিক্ষানবিস থাকবেন।
- অত্র নিয়োগ প্রাপ্তির পর সিভিল সার্জন এর নিকট উপস্থিত হয়ে স্বাস্থ্য পরীক্ষা করাতে হবে এবং স্বাস্থ্য পরীক্ষা সংক্রান্ত প্রত্যয়নপত্র অবশ্যই যোগদানপত্রের সঙ্গে দাখিল করতে হবে।
- অত্র নিয়োগ প্রাপ্তির পর সরকারি হাসপাতালে ডোপ টেস্ট করাতে হবে। ডোপ টেস্টের ফলাফল পজিটিভ হলে এ নিয়োগ বাতিল বলে গণ্য হবে।
- উপরোক্ত কাগজাদিসহ ১০/০৬/২০২০ তারিখ অথবা পরবর্তী ১৫(পনের) দিনের মধ্যে অবশ্যই যোগদান করতে হবে-অন্যথায় এ নিয়োগ বাতিল বলে গণ্য হবে।
- চাকরি সংক্রান্তে খুলনা উন্নয়ন কর্তৃপক্ষ কর্মচারী চাকরি প্রবিধানমালা, ১৯৯০ এ প্রদত্ত সকল প্রবিধান আপনার বেলায় প্রযোজ্য হবে। এ বিষয়ে উক্ত প্রবিধানমালায় কোন বিষয়ে উল্লেখ না থাকলে কিংবা অস্পষ্টতা থাকলে সংশ্লিষ্ট সরকারি বিধি প্রযোজ্য হবে।
- কর্মস্থলে যোগদানের জন্য আপনাকে কোন প্রকার ভ্রমণ ভাতা প্রদান করা হবে না।

স্বাক্ষর-

(ব্রিগেডিয়ার জেনারেল মোঃ আব্দুল মুকিম সরকার,  
পিবিজিএম, এনডিসি, পিএসসি)

চেয়ারম্যান

খুলনা উন্নয়ন কর্তৃপক্ষ

খুলনা।

স্মারক নম্বর- ২৫.৪১.০০০০.০০৪.০১.০৫২.২০

১৬৬৬/২৫

অনুলিপি অবগতি ও প্রয়োজনীয় ব্যবস্থা গ্রহণের জন্য প্রেরিত হলো :

তারিখ : ০২ জ্যৈষ্ঠ ১৪২৭  
জুন, ২০২০

- সচিব, গৃহায়ন ও গণপূর্ত মন্ত্রণালয়, বাংলাদেশ সচিবালয়, ঢাকা;
- প্রধান প্রকৌশলী, কেডিএ, খুলনা;
- সিভিল সার্জন, সিভিল সার্জনের কার্যালয়, খুলনা;
- তত্ত্বাবধায়ক প্রকৌশলী, কেডিএ, খুলনা;
- সিনিয়র বৈষয়িক অফিসার, কেডিএ, খুলনা;
- প্রধান অর্থ ও হিসাব রক্ষণ অফিসার, কেডিএ, খুলনা;
- অথরাইজড অফিসার, কেডিএ, খুলনা;
- নির্বাহী প্রকৌশলী (রঃ বেঃ), কেডিএ, খুলনা;
- অডিট অফিসার, কেডিএ, খুলনা;
- নির্বাহী প্রকৌশলী (পূর্ত), কেডিএ, খুলনা;
- নির্বাহী প্রকৌশলী (প্রকল্প), কেডিএ, খুলনা;
- সহকারী প্রোগ্রামার, কেডিএ, খুলনা;
- একান্ত সচিব, চেয়ারম্যান, কেডিএ, খুলনা (চেয়ারম্যান মহোদয়ের অবগতির জন্য);
- পরিচালনা অফিসার, কেডিএ, খুলনা;
- ব্যক্তিগত সহকারী, সচিব, কেডিএ, খুলনা; এবং
- সংশ্লিষ্ট ব্যক্তিগত নথি।

(ড. মোহাম্মদ শাহানুর আলম)  
উপসচিব

সচিব

খুলনা উন্নয়ন কর্তৃপক্ষ

খুলনা

ফোন-(০৪১)৭২২৩৮৬।